
১১/৭/২০০৫

দৈনিক ইনকিলাব

তারিখ ........
পৃষ্ঠা ...১... কলাম ...৭...



*ইনকিলাব ঃ সরকারী কর্মচারী ও প্রাথমিক শিক্ষকগণ ৩০ ভাগ মহার্ঘভাতাসহ অন্যান্য দাবী আদায়ের লক্ষ্যে ৭২ ঘন্টা কর্মবিরতির পর রাজধানীতে মহাবিক্ষোভ সমাবেশ শেষে এক বিশাল মিছিল বের করেন*

# সরকারের প্রতি শিক্ষক কর্মচারীদের অনাস্থা □ ৭২ ঘন্টা কর্মবিরতি পালন

**স্টাফ রিপোর্টার ঃ** সরকারী কর্মচারী ও প্রাথমিক শিক্ষক সমাজের ৭২ ঘন্টা পূর্ণ কর্মবিরতি শেষে গতকাল রাজধানী ঢাকায় মহাবিক্ষোভ-সমাবেশ এবং একটি বিশাল মিছিল বের হয়। দেশের জেলা-উপজেলা থেকে শিক্ষক-কর্মচারীগণ ঢাকায় ওসমানী উদ্যানে অবর্ণনীয় কষ্ট স্বীকার করে অবস্থান কর্মসূচী পালন করেছেন। সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন প্রকার পদক্ষেপ গ্রহণ করেনি। গতকাল নিরাশ হয়ে সরকারী কর্মচারী ও শিক্ষক সমাজ কর্মসূচী পালন শেষে ঘরে ফিরেছেন দুঃখ, কষ্ট, বেদনা আর ক্ষোভ নিয়ে। শিক্ষক-কর্মচারীগণ সরকারের প্রতি অনাস্থা জ্ঞাপন করেছেন। ৩০ ভাগ মহার্ঘ ভাতাসহ সরকারী কর্মচারী সমন্বয় পরিষদের ৫ দফা, প্রাথমিক শিক্ষক সমিতির ২১ দফা এবং বাগসপ-এর ১১ দফা দাবী আদায়ের লক্ষ্যে ৭২ ঘন্টা কর্মবিরতি ও মহাবিক্ষোভ পালন করা হয়। এর আগে বর্তমান সরকারের আমলে কর্মচারী-শিক্ষক নেতৃবৃন্দ মন্ত্রী, সচিব পর্যায়ে স্মারকলিপি প্রদান, আলোচনা, সভা-সমাবেশ ও কালোব্যাজ ধারণ কর্মসূচী পালন করেছেন। গতকাল মহাবিক্ষোভ সমাবেশে নেতৃবৃন্দ বলেছেন, 'চোরে না শোনে ধর্মের কাহিনী'- দাবী তো দূরের থাক বর্তমান সরকার ভিন্ন দফতরে

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন